নারায়ণগঞ্জে পুলিশ কনস্টেবল হত্যায় অজ্ঞাত ১০ জনের বিরুদ্ধে মামলা



নিহত আনোয়ার মোল্লা। ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের ফতুল্লায় গোয়েন্দা তথ্য সংগ্রহের সময় ছুরিকাঘাতে পুলিশ কনস্টেবল আনোয়ার মোল্লা নিহত হওয়ার ঘটনায় অজ্ঞাতনামা ৮ থেকে ১০ জনের বিরুদ্ধে হত্যা মামলা হয়েছে।

সোমবার (২৩ নভেম্বর) ফতুল্লা মডেল থানার উপপরিদর্শক (এসআই) মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম বাদী হয়ে মামলাটি করেন। একই থানার এসআই মো. রফিক, বিপিএম মামলাটি তদন্ত করছেন।

পুলিশ সূত্রে জানা যায়, রোববার (২২ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে ফতুল্লার কাশীপুর ইউনিয়নের হাশেমবাগ এলাকায় এএসআই আব্দুস ছাত্তারের নেতৃত্বে সাদা পোশাকে তথ্য সংগ্রহে যান আনোয়ারসহ পুলিশের একটি দল। এ সময় দুর্বৃত্তরা তাঁদের ওপর হামলা চালায়। ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত হন আনোয়ার।

পরে তাঁকে উদ্ধার করে নারায়ণগঞ্জ জেনারেল (ভিক্টোরিয়া) হাসপাতালে নেওয়া হলে রাত পৌনে ১০টার দিকে চিকিৎসক মৃত ঘোষণা করেন। মামলায় সরকারি কাজে বাধা, পুলিশের ওপর হামলা ও হত্যাসহ দণ্ডবিধির বিভিন্ন ধারা যুক্ত করা হয়েছে।

নিহত আনোয়ার মোল্লার বয়স ৩২ বছর। তিনি নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা পুলিশ ফাঁড়িতে কর্মরত ছিলেন। তাঁর বাড়ি ঢাকার নবাবগঞ্জ উপজেলার দত্তখণ্ড গ্রামে। বাবা জওন মোল্লা ও মা হাবিয়া বেগম।

পুলিশের তথ্য অনুযায়ী, ২০১৮ সালের ১০ ফেব্রুয়ারি কনস্টেবল পদে যোগ দেন আনোয়ার। মৃত্যুর আগ পর্যন্ত প্রায় আট বছর নয় মাস চাকরি করেছেন তিনি।